



মনি স্বপন দেওয়ান এমপি

উপ-মন্ত্রী

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপস্থাপিত পত্র নং: নগাচবিয়/উঃমঃদঃ/ডিও/২০০৫/১১৬২

তারিখ: ১৬-০৮-২০০৫ইং
০৯-০৮-১৪৯২ইং


প্রিয় মন্ত্রী মহোদয়,

আমার নমস্কার নিন। আপনার সদয় অগতির জন্য জানাচ্ছি যে, “রাজশাহী বিভাগীয় শহরে উপজাতীয় কালচারাল একাডেমী, খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট এবং মনিপুরী ললিতকলা একাডেমী স্থাপন” শীর্ষক সমাপ্ত উন্নয়ন প্রকল্পের মেয়াদ ছিল জুলাই, ১৯৯৫ থেকে ডিসেম্বর, ২০০৩ পর্যন্ত। উক্ত প্রকল্পের নিয়োজিত ৩৯ (উনচত্ব্বিশ) জন কর্মকর্তা/কর্মচারী স্ব স্ব পদে নিয়োজিত থেকে তাদের দায়িত্ব পালন করছেন। “জাতীয় অর্থনৈতিক পরিষদ” (একনেক)-এর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নোত্তর জনবল রাজস্ব বাজেটে স্থানান্তর করা হবে বলে মূল পিপিতে উল্লেখ আছে। সংস্থাপন মন্ত্রণালয়ের সুপারিশের ভিত্তিতে ৩৯ (উনচত্ব্বিশ) জন কর্মকর্তা/কর্মচারী জানুয়ারী, ২০০৪ হতে সেপ্টেম্বর ২০০৪ইং পর্যন্ত বেতন-ভাতাদি পরিশোধ করা হয়। বর্তমানে উক্ত ৩৯ (উনচত্ব্বিশ) জন কর্মকর্তা/কর্মচারী বেতন-ভাতাদি বন্ধ থাকায় তারা পরিবার পরিজন নিয়ে আর্থিক কষ্টে দিনাতিপাত করছে।

২। বর্ণিত অবস্থায়, “রাজশাহী বিভাগীয় শহরে উপজাতীয় কালচারাল একাডেমী, খাগড়াছড়ি উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট এবং মনিপুরী ললিতকলা একাডেমী”তে বাস্তবায়নোত্তর ৩৯ (উনচত্ব্বিশ) জন কর্মকর্তা/কর্মচারী বেতন-ভাতাদি প্রদান এবং রাজস্ব বাজেটে স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিশেষ অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে।

শ্রান্তরিকভাবে আপনার।


(মনি স্বপন দেওয়ান এমপি)

জনাব এম সাইফুর রহমান
সাদেশীয় মন্ত্রী
অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২/১০